৫ দিনের সফরে মেহেরপুর আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ৫ দিনের সফরে আজ মেহেরপুর আসছেন।
সফরকালে তিনি দলীয় ও সরকারি বিভিন্ন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

তার সফরসূচির মধ্যে রয়েছে আজ ১৯ অক্টোবর ঢাকা থেকে মেহেরপুর নিজ বাসভবনে পৌছাবেন।

২০ অক্টোবর গোপালপুর ভিলেজ রোড পাকাকরণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং বেলতলাপাড়া নতুন সড়কের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

২১ অক্টোবর পৌর কমিউনিটি সেন্টারে বাংলাদেশ আওয়ামী লীগ মেহেরপুর এর বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন

২২ অক্টোবর আমঝুপী ইকোপার্ক এর উন্নয়নমূলক কাজের ভিত্তিপ্রস্তর স্থাপনে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

মেহেরপুর সরকারি কলেজ মাঠ ও জেলা শিল্পকলা একাডেমি কর্তৃক আয়োজিত “গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়ন ” শিরোনামে মাসব্যাপি সাংস্কৃতি অনুষ্ঠান আয়োজনে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

২৩ অক্টোবর মেহেরপুর জেলা স্টেডিয়ামে “মাদক বিরোধী ফুটবল টুর্নামেন্ট” এর উদ্ভোদন অনুষ্ঠান এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিকেলে প্রতিমন্ত্রী যশোর থেকে বিমানে করে ঢাকায় ফিরবেন।

কালীগঞ্জে নিখোঁজ ইজিবাইক

চালকের লাশ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় ইকরামুল ইসলাম (২৮) নামে নিখোঁজ এক ইজিবাইক চালকের অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার রাকড়া গ্রামের আজিজুর রহমানের ধানক্ষেত থেকে লাশটি উদ্ধার করা হয়।

নিহত ইকরামুল ইসলাম ঝিনাইদহ সদর উপজেলার ইসলাম মণ্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, মঙ্গলবার সকালে মাঠে কাজ করতে গেলে কয়েকজন যুবক একটি লাশ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেন। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে।

নিহত ইকরামুল ইসলামের ভাই উজ্জ্বল মণ্ডল বলেন, গত ১২ অক্টোবর রাত ৮টার দিকে তার ভাইয়ের সঙ্গে সর্বশেষ কথা হয়। এর পর থেকেই তিনি নিখোঁজ ছিলেন। অনেক স্থানে খোঁজাখুঁজি করে পাইনি ভাইকে। আজ লাশ পড়ে থাকার খবর পেয়ে এখানে এসে ভাইয়ের মরদেহ দেখতে পাই।

কালীগঞ্জ থানার ওসি (তদন্ত) মতলেবুর রহমান জানান, সকালে স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে অর্ধগলিত লাশটি উদ্ধার করা হয়েছে। অন্য কোনো স্থানে হত্যার পর লাশটি এখানে ফেলে রাখা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। তবে এটি হত্যা নাকি আত্মহত্যা ময়নাতদন্তের পর জানা যাবে।

জীবননগরে কৃষকদের আগ্রহ বেড়েছে সবজি চাষে

এ বছর জীবননগর উপজেলায় লাউ,শিমসহ বাণিজ্যিকভাবে শুরু হয়েছে বিভিন্ন ধরনের সবজি চাষ। এভাবে সবজি চাষির সংখ্যা বেড়ে যাওয়ায় সবজি অঞ্চলে পরিণত হয়েছে ।
অনেকের মতো জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রামের কৃষক আব্দুল আলিম কয়েক বছর ধরে লাউ চাষ করছেন। চাহিদা থাকায় লাউ

চাষে বেশ মুনাফা অর্জন করেছেন তিনি।
চলতি মৌসুমে অন্যান্য সবজির সঙ্গে দুই বিঘা জমিতে লাউ চাষ করেছেন আব্দুল আলিম। সাড়ে তিন মাসে বিক্রির উপযোগী হয় তার লাউ। এ সময়রে মধ্যে দেড় মাস পরিচর্যা করতে হয়। আর দুই মাস ধরে চলে লাউ সংগ্রহ ও বিক্রি।
লাউ চাষে খরচ কম উল্লেখ করে চাষি আব্দুল আলিম দৈনিক মেহেরপুর প্রতিদিনকে জানান, জমি তৈরি করে বীজ লাগানোর এক সপ্তাহের মধ্যেই চারা গজিয়ে যায়। এরপর পরিচর্যা, পানি, সার ও লাউয়ে লতা বিস্তারের জন্য মাচা দিলেই দেড় মাস পর ফুল-ফল আসা শুরু করে।
গেল দেড় মাস ধরে প্রতিদিন ৪০/৬০টি করে লাউ সংগ্রহ করে বাজারে বিক্রি করছেন তিনি। প্রতিটি লাউ ২৫/৩০ টাকা করে জমিতেই পাইকারীদের কাছে বিক্রি করছেন। লাউ বিক্রি চলবে আরো প্রায় মাস খানেক।
দুই বিঘা জমিতে লাউ চাষ করতে তার খরচ পড়েছে মাত্র ৬-৭ হাজার টাকা। এবার লাউ বিক্রি করে লক্ষাধিক টাকা মুনাফা করার আশা করছেন আব্দুল আলিম।
বর্তমানে জীবননগর উপজেলার মিনাজপুর, মুক্তারপুর, কাটাপোল, গয়েশপুর, মেদনীপুর, হরিহরনগর, বেনীপুর, এলাকার লাউ স্থানীয় বাজারের চাহিদা মিটিয়ে দখল করেছে রাজধানীর কাওরান বাজারসহ সারা দেশের সবজি বাজার। প্রতিদিন সন্ধ্যায় ট্রাকে ট্রাকে এ অঞ্চলের লাউসহ বিভিন্ন সবজি চলে যাচ্ছে রাজধানীসহ সারা দেশে। জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোছাঃ শারমিন আক্তার দৈনিক মেহেরপুর প্রতিদিন কে বলেন, কৃষি বিভাগের নির্দেশনা আর চাষিদের পরিশ্রমে চলতি মৌসুমে ।
আবহাওয়া অনুকূলে থাকায় লাউয়ের বাম্পার ফলন হেেয়েছ এবার। লাউয়ের চাহিদা থাকায় চাষিরা বেশ লাভবান হচ্ছেন। সবজি সম্প্রসারণে কৃষি বিভাগ থেকে কৃষকদের পর্যাপ্ত সুযোগ সিুবধা দেওয়া হচ্ছে।

হাত পরিস্কার থাকলে শরীর সুস্থ

থাকবে হাত ধোয়া দিবসে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার

আমাদের হাতেই আমাদের ভবিষ্যৎ এই স্লোগান কে সামনে রেখে চুয়াডাঙ্গায় যথাযথভাবে পালিত হয়েছে হাত ধোয়া দিবস।
রবিবার বেলা বারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে বিভিন্ন স্কুল থেকে আগত শিক্ষার্থীদের নিয়ে হাত ধোয়া দিবস পালন করা হয়। চুয়াডাঙ্গায় হাত ধোয়া দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার। এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলে, হাত পরিস্কার থাকলে শরীর সুস্থ থাকবে । পরিষ্কার-পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। আজকে হাত ধোয়ার মাধ্যমে শিশুরা এ গুণটি রপ্ত করে কলেরা, ডায়রিয়াসহ নানাবিধ রোগ থেকে মুক্ত হয়ে সুস্থ জীবন লাভ করবে।গবেষণায় দেখা গেছে, সাবান দিয়ে হাত ধোয়া কম খরচে উন্নতমানের একটি স্বাস্থ্যাভাস। এতে ডায়রিয়াজনিত রোগের সংক্রমণ ৪০ শতাংশের বেশি এবং অন্যান্য জীবাণুর আক্রমণ প্রায় ৫০ শতাংশ হ্রাস পায়।

হাত ধোয়া দিবস অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)সাজিয়া আফরিন,সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ হাবিবুর রহমান সহ বিভিন্ন স্কুল থেকে আগত শিক্ষার্থী ও অভিভাবক বৃন্দ।

চুয়াডাঙ্গায় প্রথমবারের মতো পালিত হলো শেখ রাসেল দিবস

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এঁর ৫৮তম জন্মদিনে চুয়াডাঙ্গায় প্রথমবারের মতো পালিত হলো শেখ রাসেল দিবস। শেখ রাসেল দিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় পুষ্প্যমাল্য অর্পণ, আলোচনা সভা গুণীজনদের সম্মাননা ক্রেস্ট দেওয়া সহ হয়েছে।

সোমবার সকাল সাড়ে ছয়টার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের

কার্যালয়ে শেখ রাসেলের প্রকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক পুলিশ সুপার সহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ। সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এঁর ৫৮তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

‘শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস’ এই প্রতিপাদ্য সামনে রেখে রাষ্ট্রীয়ভাবে নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ তাঁর জন্মবার্ষিকী উদযাপন করা হচ্ছে। এবারই প্রথম ‘ক’ শ্রেণিভুক্ত জাতীয় দিবস হিসেবে শেখ রাসেল এঁর জন্মদিন উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার।জেলা প্রশাসন,চুয়াডাঙ্গা কর্তৃক যথাযথ মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়েছে। দিবসের প্রথমভাগে জেলা প্রশাসক,চুয়াডাঙ্গা মোঃ নজরুল ইসলাম সরকার জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাদের নিয়ে শহীদ শেখ রাসেল এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে আল্লাহ পাকের দরবারে দোয়া ও মোনাজাত করা হয়। শেখ রাসেল এঁর জন্মদিন উপলক্ষে জেলা প্রশাসক,চুয়াডাঙ্গা মহোদয়ের নেতৃত্বে কেক কাটা হয় এবং ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়াও শহীদ শেখ রাসেল এঁর ৫৮তম জন্মদিন ও শেখ রাসেল দিবস – ২০২১ উদযাপন উপলক্ষে আয়োজিত সেমিনার, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন), মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জাহিদুল ইসলাম, পুলিশ সুপার, চুয়াডাঙ্গা জাহাঙ্গীর আলম মালিক (খোকন), মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা এবং উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মান্যবর জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মোঃ নজরুল ইসলাম সরকার

মেহেরপুরের মুজিবনগর ও গাংনী উপজেলার ৯টি ইউনিয়ন পরিষদ

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে নানা আয়োজনে শেখ রাসেল দিবস পালিত

“শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস অদম্য আত্মবিশ্বাস” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনে ‘শেখ রাসেল দিবস’ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে সোমবার সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদ চত্তরে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। পরে পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সেমিনারে কেন্দ্রীয় মূল উদ্বোধনী ও পুরস্কার বিতরণ সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, পুলিশ ইন্সপেক্টর আক্তারুজ্জামন লিটন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী এবং সাংবাদিক। শেষে শেখ রাসেল দিবসের কেক কাটা ও বিশেষ দোয়া এবং উপজেলা পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহে নানা আয়োজনে শেখ রাসেলের জন্মবার্ষিকী উদযাপন

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭ তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়েছে।
জেলা প্রশাসনের আয়োজনে সোমবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে তার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অপর্ণ করা হয়। প্রথমে

রাষ্ট্রের পক্ষে জেলা প্রশাসন, পরে পুলিশ বিভাগ, উপজেলা প্রশাসনসহ বিভিন্ন সরকারি দপ্তরের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে জেলা শিল্পকলা একাডেমীতে আলোচনা সভার আয়োজন করা হয়। জেলা প্রশাসক মজিবর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টার) আবু রাসেল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা আলোচনা সভা শেষে জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক ও চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।
অপরদিকে ‘শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস অদম্য আত্মবিশ্বাস’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে শেখ রাসেল দিবস উপলক্ষে বজ্রপাত প্রতিরোধে ঝিনাইদহে ১০০ তালচারা রোপন করা হয়েছে। জেলা কৃষি বিভাগের আয়োজনে আজ সকালে সদর উপজেলার গোবিন্দপুর গ্রামের সড়কে তালচারা রোপন করা হয়। এসময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। পরে সড়কের বিভিন্ন স্থানে তালচারা রোপন ও শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়।

গাংনীতে শিশু যৌন নির্যাতনের অভিযোগে মামলা

মেহেরপুর গাংনী সাহারবাটি গ্রামে চকলেট দেবার প্রলোভনে সাত বছরের এক শিশুকে জোর পুর্বক যৌন নির্যাতনের ঘটনা ঘটেছে। এ অভিযোগে থানায় মামলা হয়েছে। গত (১৭ অক্টোবর) রবিরার রাতে শিশুটির মা বাদি হয়ে একটি মামলা করেন। গাংনী থানায় মামলা নং-৩৪ ।

এজাহারে জানাগেছে, রবিবার বিকেল তিন টার সময় গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে মৃত ছানোয়ার হোসেনের ওরফে সাইনুদ্দিনের ছেলে

লাল্ট ◌ুমিয়া (৪০) তার প্রতিবেশি প্রথম শ্রেনীর এক ছাত্রী (শিশুকণ্যা কে চকলেট দেবার কথা বলে ঘরে ডেকে নেয়। শিশুটি লাল্টুর ঘরে ওঠার সাথে সাথে ঘরের দরজা লাগিয়ে দেয় এবং শিশুটির মুখ চেপে ধরে যৌন নির্যাতনের চেস্টা করে। এসময় রক্তক্ষরণ শুরু হলে শিশুটি কে ছেড়ে দেয়। বাড়ি গিয়ে ঘটনাটি তার বাবা মায়ের কাছে বিবরণ দিতেই অসুস্থ্য হয়ে পড়ে ওই শিশু। পরিবারের লোকজন শিশুটিকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। এঘটনায় লম্পট লাল্টুকে আটকের চেষ্টা করলে লাল্টু পালিয়ে যায়। লাল্টু এর আগেও বেশ কয়েকটি শিশুকে বলাৎকারের ঘটনা ঘটিয়েছে বলে অভিযোগ করেন স্থানীয়রা। লাল্টু প্রভাবশালী হওয়ায় এমন ঘটনা ঘটানোর জন্য দেনদরবারের মাধ্যমে ছাড়া পেয়ে যায়। পুর্বের ঘটনায় শাস্তি না হওয়ায় তার লাম্পট্য বেড়েই চলেছে। এঘটনায় লাল্টুর উপযুক্ত ও দৃষ্টান্তমুলক শাস্তির দাবী করেন স্থানীয়রা।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, কিষয়টি জানার সাথে সাথে পুলিশ পাঠনো হয়েছে। এবং শিশুটিকে পুলিশ হেফাজতে নেয়। এবিষয়ে মামলা হয়েছে এবং অভিযুক্তকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

মেহেরপুরে রিপেয়ার টেকনিশিয়ান এসোসিয়েশনের ১ম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে বাংলাদেশ রিপেয়ার টেকনিশিয়ান এসোসিয়েশন এর প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।
গতকাল রবিবার বিকালে মেহেরপুর হোটেল বাজারস্থ তাপস মোবাইল সার্ভিসিং সেন্টারে কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। এর আগে এসোসিয়েশনের বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে মেহেরপুর রিপেয়ার টেকনিশিয়ান এসোসিয়েশনের আহবায়ক সাইফুল আযম তাপস এর নেতৃত্বে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।
এ সময় সাইফুল আযম তাপস বলেন, আমাদের দাবি টেকনিশিয়ান হিসেবে

মর্যাদা দিয়ে সরকারি সুযোগ সুবিধার আওতায় আনতে হবে। এ সময় মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় টেকনিশিয়ান গণ উপস্থিত ছিলেন।